গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন
২১ তলা, ভবন নং ০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
www.blwf.gov.bd

**বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের পরিচালনা বোর্ডের ২৫ তম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | বেগম মন্নুজান সুফিয়ান, এম.পি<br>প্রতিমন্ত্রী<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| সহ-সভাপতি | : | জনাব মোঃ এহছানে এলাহী<br>সচিব<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ৩১ জুলাই, ২০২২ বিকাল ০৩:০০ ঘটিকা। |
| সভার স্থান | : | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভা কক্ষ। |
| সভার উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট -'ক' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত পরিচালনা বোর্ড সভার সম্মানিত সকল সদস্যকে ১৫ আগস্ট ২০২২ জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের আহ্বান জানিয়ে বোর্ড সভার কার্যক্রম শুরু করেন। প্রারম্ভিক বক্তব্য রাখার জন্য সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়-কে অনুরোধ করা হয়।

অতঃপর, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ১৫ আগস্ট ২০২২ এ অনুষ্ঠিতব্য জাতীয় শোক দিবস উপলক্ষ্যে অগ্রীম শ্রদ্ধাঞ্জলি জানিয়ে বিগত বোর্ড সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির উপর আলোচনা এবং অদ্যকার বোর্ড সভার কার্যপত্রের আলোচ্যসূচি উপস্থাপন করার জন্য বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের মহাপরিচালক-কে আহ্বান জানান।

প্রথমেই মহাপরিচালক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কার্যবিবরণীর উপর কারো কোন দ্বিমত না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

অত:পর মহাপরিচালক ২৪তম বোর্ড সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর একটি প্রতিবেদন পেশ করেন। পরবর্তীতে, ২৫তম বোর্ড সভার কার্যপত্র উপস্থাপন করা হয়। উভয় বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নে ছক আকারে উপস্থাপন করা হলোঃ

| ক্রমিক নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়কারী |
|---|---|---|---|
| ০১. | **২৪ তম বোর্ড সভার কার্যবিবরণী**<br>১৫ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে অনুষ্ঠিত ২৪ তম বোর্ড সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | ২৪ তম বোর্ড সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | বা.শ্র.ক.ফা. |
| ০২. | **২৪ তম বোর্ড সভার বাস্তবায়ন অগ্রগতি**<br>২৪তম বোর্ড সভার সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করা হয়। | বাস্তবায়ন কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখতে হবে। | বা.শ্র.ক.ফা. |
| ০৩. | **বাজেট অনুমোদন**<br>সভায় মহাপরিচালক বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের খাত | (ক) ২০২০-২১ অর্থ বৎসরের | বা.শ্র.ক.ফা. |

| | | | |
|---|---|---|---|
| | ভিত্তিক বরাদ্দ উল্লেখপূর্বক ২০২১-২২ অর্থ বৎসরের ব্যয় ও ২০২২-২০২৩ অর্থ বৎসরের প্রস্তাবিত বাজেট বোর্ড সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। সভায় আলোচনা মোতাবেক ২০২২-২৩ অর্থ বৎসরের শুধুমাত্র জরুরি অপরিহার্য ক্ষেত্র বিবেচনায় আপ্যায়ন ব্যয়, ভ্রমণ ব্যয়, অন্যান্য স্টেশনারি, কম্পিউটার ও আনুষঙ্গিক, আসবাবপত্র এবং আভ্যন্তরীন প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে। প্রস্তাবিত বাজেট বরাদ্দ হতে শুদ্ধাচার, ইনোভেশন ও অনুষ্ঠান/সেমিনার খাতে ব্যয় যথাক্রমে ১ লক্ষ, ১ লক্ষ, ২ লক্ষ কমিয়ে প্রস্তাবিত ৩১,২৪,২০,০০০/- টাকার বাজেট সংশোধন পূর্বক ৩১,২০,২০,০০০/- টাকার বাজেট অনুমোদন করার জন্য আলোচনা হয়। | ৫২,৮২,৯০,০০০/- টাকা বর্ণিত বাজেট হতে ২৭,২৫,১৪,০৯৭/- টাকা ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন করা হয়।<br>(খ) ২০২২-২৩ অর্থ বৎসরের জন্য প্রস্তাবিত ৩১,২৪,২০,০০০/- টাকার বাজেট সংশোধন করে ৩১,২০,২০,০০০/- টাকার বাজেট অনুমোদন করা হয়। | |

## বাজেট ২০২২-২৩ অর্থ বৎসর

| ক্র/নং | খাতের নাম | অনুমোদিত বরাদ্দ (২০২১-২২) | ব্যয় (২০২১-২২) | অনুমোদিত বরাদ্দ (২০২২-২৩) |
|---|---|---|---|---|
| | **ক. আর্থিক অনুদান প্রদান** | | | |
| ১ | শ্রমিক ও শ্রমিকদের পরিবারের মাঝে আর্থিক সহায়তা প্রদান | ৫১,০০,০০,০০০/- | ২৬,৪৪,৩৫,০০০/- | ৩০,০০,০০,০০০/- |
| ২ | শ্রম অধিদপ্তরের শ্রম কল্যাণ কেন্দ্রের মেডিক্যাল অফিসারদের সম্মানী ভাতা | ৬০,০০,০০০/- | ২৮,৫০,০০০/- | ৩০,০০,০০০/- |
| | মোট | **৫১,৬০,০০,০০০/-** | **২৬,৭২,৮৫,০০০/-** | **৩০,৩০,০০,০০০/-** |
| | **খ. প্রশাসনিক (দপ্তর ব্যবস্থাপনা) ব্যয়** | | | |
| ১ | কর্মকর্তা-কর্মচারীর বেতন-ভাতাদি | ৪৬,০০,০০০/- | ৩১,১৬,৩৫০/- | ৩২,০০,০০০/- |
| ২ | ক. ভ্রমণ ব্যয় ও যাতায়াত | ১,০০,০০০/- | - | ১,০০,০০০/- |
| | খ. যানবাহন | ৩৫,০০,০০০/- | - | - |
| ৩ | ডাক ও রেভিনিউ স্ট্যাম্প | ২০,০০০/- | - | ১০,০০০/- |
| ৪ | বইপত্র ও সাময়িকী | ২০,০০০/- | - | ১০,০০০/- |
| ৫ | মুদ্রণ, প্রচার ও বিজ্ঞাপন | ৭,০০,০০০/- | ২০,০০০/- | ২০,০০,০০০/- |
| ৬ | আপ্যায়ন ব্যয় | ৪,৫০,০০০/- | ৪,০৬,৬১৩/- | ৪,০০,০০০/- |
| ৭ | সম্মানী ভাতা, ফি ও পারিশ্রমিক | ৪,০০,০০০/- | ৪,০৫,৯০০/- | ৩,০০,০০০/- |
| ৮ | কম্পিউটার, কম্পিউটার সামগ্রী, সফটওয়্যার, ওয়েবসাইট ও ফটোকপিয়ার | ৩,০০,০০০/- | ১,৩৮,৫০০/- | ৩,০০,০০০/- |
| ৯ | স্টেশনারী সামগ্রী | ৩,০০,০০০/- | ৮৪,১৬৭/- | ৩,০০,০০০/- |
| ১০ | আসবাবপত্র ও অফিস সরঞ্জাম | ২,০০,০০০/- | ১৩,৫০০/- | ২,০০,০০০/- |
| ১১ | আভ্যন্তরীন প্রশিক্ষণ | ৩,০০,০০০/- | ২,০৫,২৮৪/- | ৩,০০,০০০/- |
| ১২ | অডিট ফি | ১,০০,০০০/- | - | - |
| ১৩ | টেলিফোন, মোবাইল ও ইন্টারনেট | ২,০০,০০০/- | ৩৪, ৭৭১/- | ১,০০,০০০/- |
| ১৪ | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন | ৩,০০,০০০/- + ২,৫৫,০০০/- | ৫,৫১,০৯২/- | ৩,০০,০০০/- |
| ১৫ | ইনোভেশন | ৫,০০,০০০/- | ২,৩৭,২২০/- | ৩,০০,০০০/- |
| ১৬ | অনুষ্ঠান/ সেমিনার | ৩,০০,০০০/- | ১৫,৭০০/- | ২,০০,০০০/- |
| ১৭ | পরিচালনা বোর্ড ও যাচাই-বাছাই কমিটির সভা | - | - | ১০,০০,০০০/- |
| | মোট | **১,২২,৯০,০০০/-** | **৫২,২৯,০৯৭/-** | **৯০,২০,০০০/-** |
| | **সর্বমোট (ক+খ)** | **৫২,৮২,৯০,০০০/-** | **২৭,২৫,১৪,০৯৭/-** | **৩১,২০,২০,০০০/-** |

০৪.

**যাচাইকৃত আবেদনসমূহের আর্থিক বরাদ্দ অনুমোদন**

(ক) মহাপরিচালক জানান বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের ২৫ তম বোর্ড সভার জন্য বিভিন্ন জেলা থেকে প্রাপ্ত আবেদনপত্র সমূহ ডকেটিং এর পর যাচাই-বাছাই কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করা হয়েছে। যাচাই বাছাই কমিটি কর্তৃক বাছাইকৃত এবং জরুরী অনুদান প্রদানকৃত মোট ৮৮৩ টি আবেদনপত্র অদ্যকার সভায় বিবেচনার জন্য পেশ করা হলো। (তালিকা সংযুক্ত):

| ক্রঃ নং | আবেদনের ধরন | আবেদনের সংখ্যা | টাকার পরিমান |
|---|---|---|---|
| ১. | মৃত শ্রমিক | ১৩ টি | ৫,০০,০০০/- |
| ২. | চিকিৎসা | ৫৯৯ টি | ২,৭৭,৬০,০০০/- |
| ৩. | শ্রমিকদের মেধাবী সন্তানদের উচ্চ শিক্ষা | ২৪ টি | ৭,০৫,০০০/- |
| ৪. | জরুরী (মৃত/চিকিৎসা) ভূতাপেক্ষ অনুমোদন | ২৪৭ টি | ১,৭৪,৫০,০০০/- |
| | মোট | ৮৮৩ টি | ৪,৬৪,১৫,০০০/- |

কথায়ঃ (চার কোটি চৌষট্টি লক্ষ পনেরো হাজার) টাকা মাত্র।

(খ) মাননীয় চেয়ারম্যানের অনুমোদনক্রমে বিএম কন্টেইনার ডিপো সীতাকুন্ডু, চট্টগ্রামে অগ্নিদুর্ঘটনায় শ্রমিক ১৭১ জন, ফায়ার সার্ভিস কর্মী ১৬ জন, পুলিশ সদস্য ৩ জনসহ মোট আহত ১৯০ জনকে ৫০ (পঞ্চাশ) হাজার টাকা হারে এবং শ্রমিক ১৮ জন, ফায়ার সার্ভিস কর্মী ১০ জনসহ মোট নিহত ২৮ জনকে ০২ (লক্ষ) টাকা হারে টাকা প্রদান করা হয়েছে।

(গ) হাশেম ফুড লিঃ নারায়নগঞ্জে অগ্নিদুর্ঘটনায় নিহত ০৬ জনকে ০২ (লক্ষ) টাকা হারে এবং অন্যান্য ক্ষেত্রের শ্রমিকদের জরুরী চিকিৎসা বাবদ ২৩ জনকে ৫০ (পঞ্চাশ) হাজার টাকা হারে প্রদান করা হয়েছে। বিএম কন্টেনার ডিপো, হাশেম ফুড লিঃ ও অন্যান্য ক্ষেত্রের শ্রমিকসহ (২১৮+৬+২৩) সর্বমোট ২৪৭ জনকে ইতোমধ্যে ০১ (এক) কোটি ৭৪(চুয়াত্তর) লক্ষ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা আর্থিক সহায়তা/অনুদান প্রদান করা হয়েছে। প্রদানকৃত অর্থের ভূতাপেক্ষ অনুমোদন প্রয়োজন। অদ্যকার বোর্ড সভায় প্রস্তাব পেশ করা হলো।

(ঘ) বোর্ড সভায় শ্রম অধিদপ্তর ও কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আরো গুরুত্ব সহকারে আবেদন বাছাই করে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন এ প্রেরণ করবে। এক্ষেত্রে শ্রম অধিদপ্তর ও কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরকে আরো সক্রিয় ভুমিকা রাখার জন্য অনুরোধ করা হয়। যে সকল আবেদন সরাসরি শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে মহাপরিচালক বরাবর জমা দেয়া হয় ঐগুলি বাছাই কমিটি আরো গুরুত্ব সহকারে বাছাই করবে। আবেদন ফরমের ৩ নং অনুচ্ছেদে বর্ণিত শ্রমিকের পেশা ও কর্মস্থলের নীচে যেহেতু একজন কর্মকর্তা ও একজন জনপ্রতিনিধি স্বাক্ষর করেন। সেক্ষেত্রে পৃথক প্রত্যয়ন পত্র অত্যাবশ্যক নয় মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

সভায় সর্বসম্মতিক্রমে ইতোমধ্যে আর্থিক অনুদান প্রদানকৃত ২৪৭ টি আবেদনের বিপরীতে ১ কোটি ৭৪ লক্ষ ৫০ হাজার টাকার ভূতাপেক্ষ অনুমোদনসহ উপস্থাপিত মোট ৮৮৩ টি আবেদনের অনুকূলে বিভিন্ন খাতে সর্বমোট ৪,৬৪,১৫,০০০/- (চার কোটি চৌষট্টি লক্ষ পনেরো হাজার) টাকা অনুমোদন করা হয়।

(ঘ) অনুদানের আবেদনপত্র শ্রম অধিদপ্তর/ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক আরো গুরুত্ব সহকারে দায়িত্ব নিয়ে যাচাই-বাছাই পূর্বক সুপারিশসহকারে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। আবেদনের সাথে পৃথক প্রত্যয়নপত্র অত্যাবশ্যক নহে।

(ঙ) পেন্ডিং আবেদন সমূহ নিমিয়ত যাচাই-বাছাই কমিটি কর্তৃক বাছাই করে আগামী ডিসেম্বর, ২০২২ মাসের মধ্যে নিষ্পত্তি করার বিষয়ে সিদ্ধান্ত হয়।

বা.শ্র.ক.ফা.

| | | | |
|---|---|---|---|
| | (ঙ) সভায় আর্থিক অনুদানের আবেদন সমূহ নিমিয়ত যাচাই-বাছাই কমিটি কর্তৃক দ্রুত নিষ্পত্তি করা এবং পেন্ডিং পুরাতন আবেদন আগামী ডিসেম্বর, ২০২২ মাসের মধ্যে বাছাই করে নিষ্পত্তি করার জন্য আলোচনা হয়। | | |

সভাপতি বলেন, শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের একটি গুরুত্বপূর্ণ সংস্থা। শ্রমজীবী মানুষের কল্যাণে এ সংস্থা উল্লেখযোগ্য অবদান রাখছে। শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের কার্যক্রমে অধিকতর গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার বিষয়ে সভাপতি বিশেষ গুরুত্বারোপ করেন।

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভার  সমাপ্তি ঘোষনা করা হয়।

৩১/০৭/২০২২

(বেগম মন্নুজান সুফিয়ান, এম.পি)

প্রতিমন্ত্রী

ও

চেয়ারম্যান

পরিচালনা বোর্ড

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।